

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা

(পিপিআর শাখা)

বিষয়: ১৬ এপ্রিল ২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় প্রশিক্ষণ কাউন্সিলের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আশরাফ উদ্দিন, রেক্টর  
তারিখ: ০৮ জুন ২০২৩  
সময়: সকাল ১০টা  
স্থান: রেক্টরের দপ্তর।  
(উপস্থিতির তালিকা নথিতে সংরক্ষিত)

উপস্থিত সবাইকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ হয়। শুরুতে রেক্টর, বিপিএটিসি সভাকে অবহিত করেন যে, ১৬/০৪/২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে 'জাতীয় প্রশিক্ষণ কাউন্সিল'-এর ৮ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে। এক্ষণে উক্ত সভার সিদ্ধান্তসমূহ পর্যালোচনা এবং বাস্তবায়নের জন্যে কার্যক্রম গ্রহণ করা আবশ্যিক। এজন্যে বর্তমান সভাটি আহ্বান করা হয়েছে। এপর্যায়ে তিনি পরিচালক (পিপিআর)-কে এনটিসি সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ উপস্থাপনের অনুরোধ জানান এবং তদনুযায়ী আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত ০১ : এসিএডি ও এসএসসি কোর্সকে বাধ্যতামূলক করার পরিপ্রেক্ষিতে কেন্দ্রে অধিক সংখ্যক প্রশিক্ষণার্থীর আবাসন, আপ্যায়ন ও শ্রেণিকক্ষ প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেন্দ্রের ৩ নং ডরমিটরিকে এসিএডি প্রশিক্ষণার্থীদের জন্যে ব্যবহারের উপযোগী করার জন্যে দ্রুততম সময়ে পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া, জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক প্রয়োজনে অনলাইনে এসিএডি/এসএসসি কোর্স আয়োজনের সম্ভাব্যতা যাচাই করতে হবে।

সিদ্ধান্ত ০২ : এনটিসি সভার ১.৯ নং আলোচ্যসূচীর সিদ্ধান্ত অনুসারে, কেন্দ্রে পরিচালিত কোর্সসমূহের মডিউলসমূহ যুগোপযোগীকরণের জন্যে ব্যবস্থা গ্রহণ করতে হবে। কেন্দ্রের কোর্সসমূহের কারিকুলামসমূহ ইংরেজির পাশাপাশি বাংলায় অনুবাদ ও প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এজন্যে, একাধিক অনুবাদক দল গঠন করে কাজটি মানসম্মতভাবে সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্ত ০৩ : এনটিসি সভায় অনুমোদিত 'প্রশিক্ষণকালীন আচরণ নির্দেশিকা ২০২৩' (Code of Conduct) এবং এর অধীনে পোশাক বিধি কেন্দ্রে পরিচালিত বুনিয়াদি কোর্সসমূহে অনুসৃত হবে এবং আচরণ নির্দেশিকা ও পোশাক বিধি কেন্দ্রের মূল্যায়ন নীতিমালার অংশ হিসেবে সংযুক্ত করা যেতে পারে।

সিদ্ধান্ত ০৪ : এনটিসি সভার ১.১১ নং আলোচ্য বিষয়ের সিদ্ধান্ত মোতাবেক, বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে শীর্ষস্থান অধিকারী ২০ (বিশ) শতাংশ প্রশিক্ষণার্থীর জন্য দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশসমূহে শিক্ষাসফর

৩

আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হওয়ার পরিপ্রেক্ষিতে কেন্দ্রে বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের ফলাফল প্রস্তুতকালে মেধাক্রমের ২০% শতাংশ ঘোষণা ও সনদ বিতরণ অব্যাহত রাখতে হবে। তাছাড়া, বুনিয়াদিসহ অন্যান্য কোর্সের বিদেশ প্রশিক্ষণ অংশটুকু বিপিএটিসির তত্ত্বাবধানে আয়োজন ও সম্পন্ন করা এবং এজন্যে কেন্দ্রের প্রশিক্ষণ ব্যয়খাতে প্রয়োজনীয় বরাদ্দ দেয়ার জন্যে জনপ্রশাসন মন্ত্রণালয়-কে অনুরোধ জানানো যেতে পারে।

সিদ্ধান্ত ০৫ : সরকারি কার্যক্রমে তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহার ও চতুর্থ শিল্পবিপ্লবের প্রেক্ষাপটে সরকারের সকল পর্যায়ের কর্মকর্তাদের তথ্যপ্রযুক্তি বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

সিদ্ধান্ত ০৬ : কোভিড-১৯ অতিমারীর কারণে এযাবত যেসকল প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণের বহির্বাংলাদেশ অংশ অসম্পন্ন রয়েছে, তাদের বহির্বাংলাদেশ অংশ থেকে অব্যাহতি প্রদান করে প্রশিক্ষণ সনদ প্রদানের সিদ্ধান্তের আলোকে কেন্দ্রে ১৬ এপ্রিল ২০২৩ তারিখের পূর্বে সম্পন্ন সকল এসিএডি, এসএসসি ও পিপিএমসি কোর্সের সনদ প্রস্তুতপূর্বক প্রশিক্ষণার্থীদের কর্মস্থল/আবাসস্থলে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এনটিসি সভার সিদ্ধান্তের আলোকে এই সনদ প্রদান করা হবে এবং এজন্যে কেন্দ্রের মূল্যায়ন নীতিমালা পরিবর্তনের প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

স্বাক্ষরিত/- ১৫/০৬/২০২৩

মোঃ আশরাফ উদ্দিন

রেস্ট্র

স্মারক নং: ০৫.০১.২৬৭২.১৩৩.২৫.০৭৪.১৯- ৩২৮

তারিখ: ১৫ জুন ২০২৩


বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সকল এমডিএস, বিপিএটিসি, সাভার, ঢাকা।

০২। পরিচালক (প্রশাসন/মূল্যায়ন/এলটিএ)/সিস্টেম এনালিস্ট, বিপিএটিসি, সাভার, ঢাকা

০৩। উপপরিচালক (পিপিআর/সেবা/প্রশাসন)/রেস্ট্রের একান্ত সচিব, বিপিএটিসি, সাভার, ঢাকা

০৪। অফিস কপি।



হাসান মূর্তাজা মাসুম  
পরিচালক (পিপিআর)